# Times Today BD

ডেস্ক রিপোর্ট | ক্যাম্পাস | 25 April, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) গুচ্ছভুক্ত ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির সি ইউনিট (ব্যবসায় শিক্ষা) এর ভর্তি পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (২৫ এপ্রিল) সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত একযোগে দেশের ১৯টি সাধারণ ও বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।ইসলামী বিশ্ববিদ্যালয়ে অনুষদ ভবন এবং রবীন্দ্র-নজরুল কলা ভবনে ১ হাজার ৩১০ জন শিক্ষার্থীর জন্য আসন বিন্যাস করা হয়।পরীক্ষায় অংশগ্রহণ করেন ১ হাজার ২৬০ জন, উপস্থিতির হার ৯৬.১৮ শতাংশ।

পরীক্ষা শুরুর আগে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ প্রো-ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. এম. এয়াকুব আলী, ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম ও রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. মনজুরুল হকসহ প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে মেইন গেট ও পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করেন।

এ সময় তিনি বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন, ছাত্রদল, ইসলামী ছাত্রশিবির, ছাত্র মজলিস, তালাবায়ে আরাবিয়া, ছাত্র ইউনিয়নসহ বিভিন্ন ছাত্র সংগঠনের হেল্প ডেস্ক ঘুরে দেখেন এবং শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেন।

পরিদর্শনে আরও উপস্থিত ছিলেন থিওলজি অ্যান্ড ইসলামিক স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. আ.ব.ম. ছিদ্দিকুর রহমান আশরাফী, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মো. এমতাজ হোসেন, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. রোকসানা মিলি, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আসাদুজ্জামান, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. বাবলী সাবিনা আজহার, লালন শাহ হলের প্রভোস্ট অধ্যাপক ড. মো. আকতার হোসেন, প্রক্টর অধ্যাপক ড. মো. শাহীনুজ্জামান, ছাত্র উপদেষ্টা অধ্যাপক ড. মো. ওবায়দুল ইসলাম এবং তথ্য, প্রকাশনা ও জনসংযোগ অফিসের পরিচালক (ভারপ্রাপ্ত) মো. সাহেদ হাসান।

ভর্তি পরীক্ষার সার্বিক নিরাপত্তা ও সুশৃঙ্খল পরিবেশ নিশ্চিতে প্রশাসনের পক্ষ থেকে সর্বোচ্চ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়।ক্যাম্পাসে মোতায়েন করা হয় পুলিশ, র‍্যাব, আনসার সদস্য এবং ভ্রাম্যমাণ আদালত।শিক্ষার্থীদের সহযোগিতায় প্রক্টরিয়াল বডি, বিএনসিসি, রোভার স্কাউট, স্বাস্থ্য ও তথ্য কর্নার এবং ছাত্র সংগঠনগুলোর হেল্প ডেস্ক সক্রিয় ভূমিকা রাখে।

ইসলামী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা ব্যবসায় শিক্ষা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 17:47

URL: https://timestodaybd.com/campus/7758071431